# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৫৪৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০১০]

১৫. কিতাবুল ইস্তিসকা (বৃষ্টি প্রার্থনা) (كتاب الاستسقاء)

পরিচ্ছেদঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দু’আঃ ইউসূফ (আঃ)এর যামানার অনাবৃষ্টির অনুরূপ অনাবৃষ্টিতে তাদেরকে আক্রান্ত কর

باب دُعَاءِ النَّبِيِّ صلى الله عليه وسلم " اجْعَلْهَا عَلَيْهِمْ سِنِينَ كَسِنِي يُوسُفَ "

---

আরবী

□□□ ـ عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ : أنّه كَانَ إِذَا قَحَطُوا اسْتَسْقَى بِالْعَبَّاسِ بْنِ عَبْدِالْمُطَّلِبِ ، فَقَالَ: اللَّهُمَّ إِنَّا كُنَّا نَتَوَسَّلُ إِلَيْكَ بِنَبِيِّنَا فَتَسْقِينَا،ا وَإِنَّا نَتَوَسَّلُ إِلَيْكَ بِعَمِّ نَبِيِّنَا فَاسْقِنَا، قَالَ: فَيُسْقَوْنَ. (بخارى:□□□□)

বাংলা

৫৪৩) উমার (রাঃ) হতে বর্ণিত, অনাবৃষ্টি দেখা দিলে তিনি আব্বাস বিন আব্দুল মুত্তালিব (রাঃ)এর মাধ্যমে বৃষ্টি প্রার্থনা করতেন। তিনি বলতেনঃ হে আল্লাহ! আপনার নবী জীবিত থাকতে আমরা তাঁর মাধ্যমে বৃষ্টি প্রার্থনা করলে আপনি আমাদের জন্য বৃষ্টি বর্ষণ করতেন। এখন আপনার নবীর চাচার মাধ্যমে বৃষ্টি প্রার্থনা করছি। আপনি আমাদের জন্য বৃষ্টি বর্ষণ করুন। অতঃপর তাদের জন্য বৃষ্টি বর্ষণ করা হত।

টিকাঃ এখানে নবীর মাধ্যমে বা নবীর চাচার মাধ্যমে বৃষ্টি চাওয়ার অর্থ হল বৃষ্টির জন্য দু’আ করার আবেদন করা। যেমনটি অন্যান্য বর্ণনায় সুস্পষ্টভাবে উল্লেখিত হয়েছে। এ নয় যে, তাদের সম্মানের উসীলা দিয়ে বৃষ্টি চাইতেন। সম্মানের উসীলা দেয়া যদি জায়েয হত, তাহলে তাঁরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বাদ দিয়ে কখনই আব্বাস (রাঃ) এর কাছে যেতেন না। কারণ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সম্মান মৃত্যুর পর শেষ হয়ে যায় নি। কাজেই এখানে উসীলা অর্থ দু’আর উসীলা দেয়া। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দু’আ করেছেন এবং আব্বাস (রাঃ)ও সবার সাথে দু’আ করেছেন। ইতিপূর্বে বর্ণিত হাদীছে এসেছে জুমআর দিন একজন গ্রাম্য লোক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে আরজ করল, হে আল্লাহর রাসূল! আমাদের জন্য আল্লাহর কাছে বৃষ্টির আবেদন করুন।

## English

Invocation of the Prophet (pbuh)

Narrated Anas:

Whenever drought threatened them, `Umar bin Al-Khattab, used to ask Al-Abbas bin `Abdul Muttalib to invoke Allah for rain. He used to say, "O Allah! We used to ask our Prophet to invoke You for rain, and You would bless us with rain, and now we ask his uncle to invoke You for rain. O Allah ! Bless us with rain." And so it would rain.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89841

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন